

সমকাল

শিক্ষার্থীকে মেরে রক্তাক্ত, ঢাবির হলে ছাত্রলীগ নেতা ছয় মাস বহিষ্কার

প্রকাশ: ০৪ ফেব্রুয়ারি ২০ | ১৫:২৪ | আপডেট: ০৪ ফেব্রুয়ারি ২০ | ১৫:২৪

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



হল ছাত্রলীগের আইনবিষয়ক উপসম্পাদক রাকিবুল আল হাসান নুর। ছবি-সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলে ‘তুচ্ছ ঘটনায়’ রিদওয়ানুল হক নামে এক শিক্ষার্থীকে মেরে রক্তাক্ত করার ঘটনায় হল ছাত্রলীগের আইনবিষয়ক উপসম্পাদক রাকিবুল আল হাসান নুরকে ছয় মাসের জন্য হল থেকে বহিষ্কার করেছে প্রশাসন। তিনি বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী। তিনি ঢাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের অনুসারী হিসেবে পরিচিত।

বুধবার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল বাছির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

এ বিষয়ে অধ্যাপক আব্দুল বাছির সমকালকে বলেন, অভিযোগের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন করা হয়। শিক্ষকরা ঘটনা যাচাই করেছেন, সে নিজেও অপরাধ স্বীকার করেছে ফলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৬ ডিসেম্বর রাতে বিজয় একাত্তর হলের যমুনা ব্লকের পশ্চিম কর্ণারের লিফটের সামনে তুচ্ছ বিষয়কে কেন্দ্র করে অভিযুক্ত তার সিনিয়র রিদওয়ানুল হক রিয়াদকে অনেকের সামনে শারীরিকভাবে লাঞ্চিত এবং পরবর্তীতে রক্তাক্ত করে আহত করে। ওই ঘটনার খবর জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। লিখিত অভিযোগের প্রেক্ষিতে ঘটনার সত্যতা উদঘাটন ও শান্তি নিরূপণের জন্য হল প্রশাসন কর্তৃক গঠিত কমিটি ওই ঘটনার সত্যতার প্রমাণ পেয়েছে।

এতে বলা হয়, এ ধরনের ঘটনা হলের প্রশাসনিক ও একাডেমিক মর্যাদা ক্ষুণ্ণ করেছে, যা হলের শৃঙ্খলা ও আইনের পরিপন্থী। তদন্ত কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে হলের শৃঙ্খলাভঙ্গের অপরাধে আগামী ছয় মাসের জন্য অভিযুক্তকে হল থেকে বহিষ্কার করা হলো। উক্ত সময়কালে তিনি হলে অবস্থান এবং কোন ধরনের কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারবেন না।

উল্লেখ্য, গত ২৬ জানুয়ারি হলের লিফটে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের স্নাতকোত্তরের শিক্ষার্থী রিদওয়ানুল হকের ব্যাগ অভিযুক্তের স্মার্টফোনে লেগে গেছে এমন অভিযোগ তুলে তাকে উচ্চবাক্য এবং লিফট থেকে নেমে তার পিছু নিয়ে রুমে গিয়ে কলার টেনে মারধর, লাথি মারেন বহিষ্কৃত ওই ছাত্রলীগ নেতা। একপর্যায়ে ভুক্তভোগী রিদওয়ানুল হক চেতনা হারালে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান বন্ধুরা। পরে রিদওয়ানুল বিচারের দাবিতে অভিযোগ দায়ের করেন।

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com